

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
www.dgnm.gov.bd

স্মারক নং-২০ ০০২ ৯৭ ০০৫ ০০০০ ০৩ ৪৫- ২০২৬

তারিখঃ ২-১-১০৬/২০২১ ইং

বিষয়ঃ জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আভ্যন্তরীণ কর্ম পরিবেশ উন্নয়নে পরিষ্কার পরিচ্ছন্নতা পরিদর্শনের প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে গত ০৫/০৬/২০২১ ইং বেলা ১১.০০ ঘটিকায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের কর্মপরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার পরিদর্শন অভিযানের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ


- ১। প্রতিবেদন ১ কপি।
- ২। হাজিরা সিট ১ কপি।

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, প্রশাসন-৪, মনিটর ও সমন্বয় শাখা।

স্মারক নং-২০ ০০২ ৯৭ ০০৫ ০০০০ ০৩ ৪৫-

- ১। অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। উপসচিব (২/১ নার্সিং সেবা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পি এ টু মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।


সিদ্ধিকা আক্তার

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।

www.dgnm.gov.bd

তারিখঃ -----/০৬/২০২১ ইং


সহকারী পরিচালক (সমন্বয়)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

নং: ৪৫.০৩.০০০০.০০৫.০৬.০০১.২০২১- ১৩১৬/

তারিখ: ১/০৬/২০২১ খ্রি:

পরিষ্কার পরিচ্ছন্নতা পরিদর্শন প্রতিবেদন

সভাপতিঃ সিদ্দিকা আক্তার, (অতিরিক্ত সচিব) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
স্থানঃ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
তারিখ ও সময়ঃ ০৫/০৬/২০২১ তারিখ সকাল ১১.০০ টা।

সভাপতি কমিটির সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে অত্র অধিদপ্তরের আভ্যন্তরীণ পরিষ্কার পরিচ্ছন্নতা পরিদর্শন কার্যক্রম শুরু করেন। স্বাস্থ্য ও পরিবেশ সুরক্ষা এবং করোনা সংক্রামনের দ্বিতীয় ঢেউ এর এই ক্রান্তি লগ্নে সকলকে আরো অধিক স্বাস্থ্য সচেতন করে তোলার জন্যও এই অভিযান একটি কার্যকর ভূমিকা পালন করবে বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন।

অধিদপ্তরের বিভিন্ন শাখা সমূহ পরিদর্শনের পর নিম্নে উল্লেখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১। অধিদপ্তরের প্রধান ফটক থেকে পরিদর্শন কার্যক্রম শুরু করা হয়। অধিদপ্তরের প্রবেশ পথের বাগান সহ তথ্য কেন্দ্র, দর্শনার্থী কক্ষ, মসজিদ, ওপেন পাঠশালা, অডিটোরিয়াম, ওয়াশ রুম পরিদর্শন করা হয়।

- বাগানটি বেশ পরিষ্কার পরিচ্ছন্ন আছে তবে ঝড়ে পড়া কিছু পাতা দেখা যায়। তাৎক্ষণিকভাবে কার্যকর ব্যবস্থা গণের নের নির্দেশনা প্রদান করেন।
- তথ্য কেন্দ্র কিছুটা এলোমেলো ও অপরিচ্ছন্ন পরিলক্ষিত হয়। সভাপতি তাৎক্ষণিকভাবে কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

কর্তব্যরত কর্মচারীদের কে সামাজিক দুরত্ব বজায় রেখে দর্শনার্থীদের সেবা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়।

- দর্শনার্থী রুম পরিদর্শন কালীন সময়ে দর্শনার্থীদের সাথেও কথা বলা হয়। তাদের সুবিধা অসুবিধার বিষয়ে সভাপতি খোঁজ খবর নেন। মেঝেতে পানি, চিপস, বিস্কিটের খালি প্যাকেট পড়ে থাকতে দেখা যায়। এ বিষয়ে দর্শনার্থীদের যথাস্থানে ময়লা ফেলার জন্য অনুরোধ করা হয়। একটি ঢাকনাযুক্ত বড় ময়লার বিন রাখার জন্য নির্দেশ প্রদান করা হয়।
- মসজিদ পরিষ্কার পরিচ্ছন্ন ছিল।
- ওপেন পাঠশালা পর্যাপ্ত বই না থাকায় ওখানে কিছু বই ও ম্যাগাজিন রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
- অডিটোরিয়াম যথেষ্ট পরিষ্কার পরিচ্ছন্ন ছিল।
- ওয়াশ রুম অপরিষ্কার থাকায় সব সময় পরিষ্কার রাখা এবং পরিষ্কার আছে কিনা তা পর্যবেক্ষন করার জন্য প্রশাসনিক কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয়।

২। দ্বিতীয় তলা, রান্না ঘর আনসারদের (নিরাপত্তা রক্ষী) থাকার ব্যবস্থাঃ রান্না ঘর সহ ফ্লোরের অন্যান্য রুম গুলি যথাযথ পরিষ্কার পরিচ্ছন্ন না থাকায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয়।

৩। তৃতীয় তলাঃ এই ফ্লোরের কক্ষ গুলি পরিষ্কার পরিচ্ছন্ন ছিল তবে যেখানে সেখানে কাপড় শুকাতে দেখা যায়। ডাইভার এবং হাকিমের রুমের সামনে অপরিষ্কার দেখা যায় বিধায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয়।

৪। চতুর্থ তলাঃ এই ফ্লোরটি ও পরিষ্কার পরিচ্ছন্ন ছিল তবে সেকসন স্টাফদের রুম গুলি এলোমেলো পাওয়া যায় বিধায় উনাদের গুছিয়ে এবং পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে থাকার জন্য অনুরোধ করা হয়।

৫। ৫ম তলাঃ এই ফ্লোরের কক্ষ গুলি পরিষ্কার পরিচ্ছন্ন তবে লিফটের কাছে চিপসের প্যাকেট পড়ে থাকতে দেখা যায় বিধায় প্রশাসনিক কর্মকর্তাকে এ বিষয়ে তদারকি করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

৬। ৬ষ্ঠ, ৭ম, ৮ম তলাঃ কক্ষ গুলি যথাযথ পরিষ্কার পরিচ্ছন্ন নয় বলে পরিলক্ষিত হয়। কোন কোন কক্ষে ভাঙ্গা কীচ, কাগজের বাস্ক পড়ে থাকতে দেখা যায়। কক্ষ গুলি যথাযথ পরিষ্কার পরিচ্ছন্ন থাকার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।

লোক বল কম থাকার কারণে প্রতিটি ফ্লোর যথাযথ পরিষ্কার পরিচ্ছন্ন নয়, এ ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয়। টপ ফ্লোরে বাগান করা যেতে পারে বলে সভাপতি প্রশাসনিক কর্মকর্তাকে দিক নির্দেশনা প্রদান করা করেন।

সর্বোপরি পরিষ্কার পরিচ্ছন্নতার এই অভিযানটি ফলপ্রসূ হয়েছে। সর্বশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে পরিদর্শনের সমাপ্তি ঘোষণা করেন।



সিদ্দিকা আক্তার

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,

মহাখালী, ঢাকা।